



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৭ সেপ্টেম্বর ২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফ নেতা দেবদত্ত ত্রিপুরার নিঃশর্ত মুক্তি দাবি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সভাপতি প্রসিত খীসা আজ বৃহস্পতিবার ১৭ সেপ্টেম্বর ২০১৫, এক বিবৃতিতে নিজ দলের কেন্দ্রীয় সদস্য এবং ইউপিডিএফ বাঘাইছড়ি ইউনিটের প্রধান সংগঠক দেবদত্ত ত্রিপুরাকে বিনা ওয়ারেন্টে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অবিলম্বে তাকে নিঃশর্ত মুক্তি দেয়ার দাবি জানিয়েছেন। অন্যথায় নির্বিচারে ধরপাকড়, হয়রানি ও নির্যাতনের প্রতিবাদে এলাকায় গণঅসন্তোষ বিক্ষোভে রূপ নিয়ে কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির উদ্ভব হলে তার সকল দায়-দায়িত্ব স্থানীয় সেনা-প্রশাসনকে নিতে হবে বলে তিনি সরকারের উদ্দেশ্যে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেছেন।

দেবদত্ত ত্রিপুরার গ্রেফতারকে বেআইনী ও সংবিধানের মৌলিক অধিকারের পরিপন্থী অভিহিত করে তিনি বলেন, ‘গত বুধবার তার কর্মস্থল বাঘাইছড়ি থেকে মোটর সাইকেল যোগে দীঘিনালা আসার পথে তাকে কবাখালিতে আটক করা হয়েছে।’

প্রসিত খীসা ইউপিডিএফ ও তার সহযোগী সংগঠনের ওপর অব্যাহত দমন পীড়নের বিরুদ্ধে গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে আরও বলেন, ‘ইউপিডিএফের নেতা কর্মী ও সমর্থকদের গ্রেফতার, নির্যাতন, হয়রানি ও মিথ্যা মামলায় জেল-জুলুম এখন নিত্য নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়িয়েছে, যা পার্বত্য চুক্তি-পূর্ব পরিস্থিতির কথাই স্মরণ করিয়ে দেয়।’

তিনি স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের জারিকৃত গণবিরোধী ১১ নির্দেশনা প্রত্যাহার পূর্বক অবিলম্বে রাজনৈতিক দমন-পীড়ন বন্ধ করে পার্বত্য চট্টগ্রামে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ ফিরিয়ে আনার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।